

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date:09-10-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Durga Puja-Shasthi :**

মহাষষ্ঠী ও বোধনের মধ্যে দিয়ে শুরু হয়ে গেল পাঁচ দিন ব্যপি শারদীয়া দুর্গোৎসব। আজ সকালেই অনেক জায়গায় ষষ্ঠী পূজা সম্পন্ন হয়। গতকাল পঞ্চমী তিথিতেই রাজধানী আগরতলা উৎসবের আনন্দে মেতে ওঠে। সন্ধ্যে থেকেই আগরতলার পুজো মন্ডপগুলোতে ছিল উপচে পড়া ভিড়। রাজ্য পুলিশ সুত্রে জানানো হয় এবছুর সারা রাজ্যে ২৬২৬টি দুর্গাপূজার আয়োজন করা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি পশ্চিম জেলায় পূজা হচ্ছে ৭০২টি। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলা ও বিশালগড় এলাকায় ১৫টি পূজা মন্ডপের উদ্বোধন করেন।

\*\*\*\*\*

**ST Student-Scholarship :**

জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, তিনি উপজাতি ছাত্র-ছাত্রীদের স্কলারশিপের টাকা দু-তিন দিনের মধ্যে মিটিয়ে দেওয়ার জন্য দপ্তরের সচিব ও অধিকর্তাকে নির্দেশ দিয়েছেন। মন্ত্রী শ্রী দেববর্মা এবিষয়ে সাংবাদিকদের বলেন তিনি দপ্তরের অধিকর্তা সহ অন্যান্য কর্মকর্তাদের নিয়ে বৈঠক করে কোন ছাত্র ছাত্রীর কাগজপত্রে কোন ধরনের জটিলতা থেকে থাকলে দ্রুত সেগুলো মীমাংসা করে প্রত্যেককে স্কলারশিপের টাকা শীঘ্রই মিটিয়ে দেওয়ার কথা বলেছেন। তিনি আরও জানান, আগামী ৩১শে অক্টোবর পর্যন্ত এনএসপি পোর্টালের মাধ্যমে স্কলারশিপ এর জন্য আবেদন করা যাবে।

\*\*\*\*\*

### **PM, Haryana :**

হরিয়ানা বিধানসভা নির্বাচনে বিজেপি জয়লাভ করে তৃতীয়বারের মতো ক্ষমতায় এসেছে। জম্মু ও কাশ্মীরে কংগ্রেস ন্যাশনাল কনফারেন্স জোট জয়লাভ করেছে। হরিয়ানা বিধানসভা নির্বাচনে বিজেপিকে জয়ী করায় প্রধানমন্ত্রী ও বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদি হরিয়ানার জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তিনি জম্মু ও কাশ্মীর বিধানসভা নির্বাচনকে অত্যন্ত বিশেষ বলেও অভিহিত করেছেন। প্রধানমন্ত্রী বলেন যে ৩৭০ এবং ৩৫এর এ ধারা অপসারণের পরে প্রথমবারের মতো জম্মু ও কাশ্মীরে নির্বাচন অনুষ্ঠিত হল এবং উচ্চ ভোটের হার গণতন্ত্রের প্রতি জনগণের বিশ্বাসকেই প্রদর্শন করে।

\*\*\*\*\*

### **Workshop :**

দক্ষিণ জেলা পরিবহন আধিকারিকের উদ্যোগে গতকাল শান্তিরবাজার মহকুমা শাসকের অফিসের কনফারেন্স হলে পরিবহন দপ্তরের আইন কানুন সম্পর্কে বিভিন্ন স্তরের প্রশাসনিক আধিকারিক ও সংবাদ মাধ্যমের কর্মীদের অবহিত করতে কর্মশালা অনুষ্ঠিত হয়। দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলা শাসক স্মিতা মল এম এস, শান্তিরবাজারের মহকুমা শাসক মনোজ কান্তি সাহা, সাব্রুম, বিলোনিয়া ও শান্তিরবাজার মহকুমার পুলিশ আধিকারিকগন এবং পরিবহন দপ্তরের আধিকারিক ও কর্মীরা সহ বিভিন্ন স্তরের জন প্রতিনিধি ও বিভিন্ন সংবাদ মাধ্যমের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। কর্মশালায় অটো চালক জয়ন্ত দেবনাথ, এবং প্রমাল বিশ্বাসকে পথ দুর্ঘটনা গ্রস্তদের সহায়তার জন্য ৫ হাজার টাকা করে পুরস্কার প্রদান করে পরিবহন দপ্তর। সম্প্রতি আগরতলা-সাব্রুম জাতীয় মহাসড়কের বাইখোড়ার এস এস বি ক্যাম্প এলাকায় দুর্ঘটনাগ্রস্থ এক ব্যক্তি কে দ্রুত হাসপাতালে পৌঁছে দেওয়ার জন্য তাদের পুরস্কৃত করা

হয় বলে জানান পরিবহন দপ্তরের জেলা আধিকারিক কমলাপতি  
দেববর্মা।

\*\*\*\*\*

**Fishery Dept :**

মৎস্য দপ্তরের উদ্যোগে গতকাল বকাফা পঞ্চায়েত সমিতির  
হলঘরে মৎস্য সম্পদ যোজনায় শান্তিরবাজার মহকুমার ৬০ জন  
সুবিধাভোগী মৎস্যচাষী ও মৎস্য ব্যবসায়ীকে সরকারি সহায়তা  
হিসেবে ৬ হাজার টাকার অনুমোদন পত্র ও মুখ্যমন্ত্রী মৎস্য  
বিকাশ যোজনায় ৪০ জন মৎস্য চাষীকে কনি জাল ও ১৬ জন  
প্রাণিক মাছ ব্যবসায়ীকে বরফের বাক্স প্রদান করা হয়। বিধায়ক  
প্রমোদ রিয়াং, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না  
মজুমদার বৈদ্য, শান্তিরবাজারের মৎস্য তত্ত্বাবধায়ক ওয়াটসন  
রিয়াং ও অন্যান্য অতিথিরা সুবিধাভোগীদের হাতে এইসব  
জিনিসপত্র প্রদান করেন।

\*\*\*\*\*

**TGB :**

ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের দক্ষিণ জেলার আঞ্চলিক কার্যালয়ের  
ব্যবস্থাপনায় বিলোনিয়ার আবুল কালাম কমিউনিটি হলে গতকাল  
এক অনুষ্ঠানে বন্যায় ক্ষতিগ্রস্ত ১০০টি পরিবারের লোকজনদের  
দুর্গাপূজা উপলক্ষে নতুন পোষাক ও খাদ্যদ্রব্য বিতরণ করা হয়।  
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিলোনিয়া মিউনিসিপ্যাল কাউন্সিলের  
চেয়ারপারসন নিখিল চন্দ্র গোপ, কাউন্সিলর ধূরূব প্রসাদ  
মজুমদার, কাউন্সিলর মৃণাল দাস ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের দক্ষিণ  
জেলার আঞ্চলিক কর্মাধ্যক্ষ সুজিত রায় প্রমুখ।

\*\*\*\*\*

**Deputation :**

এসএফআই রাজ্য কমিটির পক্ষ থেকে গতকাল বিএড ও ডিইএলএড কোর্সে পাঠরত সুবিধাভোগী ছাত্রছাত্রীদের ৯০ হাজার টাকা প্রদান করা, বিএড ও ডিইএলএড কোর্সে সময়োগ্যতা সম্পন্ন সকলকে মেধা তালিকায় স্থান দিয়ে দপ্তরের অর্থানুকূল্যে ভর্তির সুযোগ নিশ্চিত করা এবং প্রতিবছর যথাসময়ে মেধা তালিকা প্রকাশ ও স্টাইপেন্ড প্রদান ইত্যাদি দাবীতে সংখ্যালঘু কল্যাণ দপ্তরে ডেপুটেশন দেয়া হয়। এসএফআই রাজ্য সম্পাদক সংবিধান দেব জানান, সংখ্যালঘু কল্যাণ দপ্তরের অধীনে বিএড ও ডিইএলএড কোর্সে পাঠরত ছাত্রছাত্রীদের আর্থিক সহায়তা ৯০ হাজার টাকা থেকে কমিয়ে এখন ৫০ হাজার টাকা দেয়া হচ্ছে। দ্বিতীয়তঃ রাজ্য সরকারের তরফ থেকে এই আর্থিক সহায়তা পেতেও কিছু সমস্যা হচ্ছে বলে তারা অভিযোগ করেন। দলীয় নেতৃবৃন্দ অবিলম্বে এইসব সমস্যা সমাধানের দাবি জানান।

\*\*\*\*\*

#### **Vinu Mankar Cricket :**

ভিনু মাঁনকর ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের বালক বিভাগের একদিনের সীমিত ওভারের আসরে ত্রিপুরা তৃতীয় ম্যাচে বড় ব্যবধানে জয়লাভ করেছে। গতকাল জয়পুরে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ২০২ রানে মিজোরামকে পরাজিত করে। প্রথমে ব্যাট করে রাজ্যদল নির্ধারিত ৫০ ওভারে ৪ উইকেট হারিয়ে ৩৪৪ রান করে। জবাবে মিজোরাম ৩৯ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১৪২ রান করতে সক্ষম হয়।

\*\*\*\*\*

#### **Weather :**

আকাশ সাধারণত মেঘলা থাকবে। কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি অথবা বজ্র-বিদ্যুৎ সহ দু এক পশলা বৃষ্টিপাতের স্তৰাবনা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে

থাকবে। আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৪ ডিগ্রী  
সেলসিয়াস।

\*\*\*\*\*